



শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০১.১৮-৯৮৪

তারিখ: ০৬ আশ্বিন ১৪২৭
২১ সেপ্টেম্বর ২০২০

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার

স্থানীয় সরকার বিভাগ

সিজিএ ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: চলতি ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'সিটি কর্পোরেশনের উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং-২২১০০০৮০০) "মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী" উপ-খাত (অর্থনৈতিক কোড: অন্যান্য ভবন ও স্থাপনা-৪১১১৩১৭) হতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অনুকূলে এককালীন অর্থ অবমুক্তি।


চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রে বিভিন্ন উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র নির্দেশনা অনুযায়ী চলতি ২০২০-২১ অর্থ বছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'সিটি কর্পোরেশনের উন্নয়ন সহায়তা' খাতে (কোড নং-২২১০০০৮০০) বরাদ্দকৃত অর্থের অনুমোদিত বিভাজন অনুযায়ী "মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী" উপ-খাত (অর্থনৈতিক কোড: অন্যান্য ভবন ও স্থাপনা-৪১১১৩১৭) হতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অনুকূলে এককালীন ৩.০০(তিন) কোটি টাকা নিম্নোক্ত শর্তে অবমুক্তিতে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

২। এ ব্যয় চলতি ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৮০০ 'সিটি কর্পোরেশনের উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের গত ৩১ আগস্ট ২০২০ তারিখের ০৭.১১১.০১৪.০১.০০৩.২০১১-৩০৬ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে ও নিম্নবর্ণিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:

- (১) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- (২) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ি থাকবে;
- (৩) অব্যয়িত অর্থ ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
- (৪) পরবর্তী কিস্তির অর্থছাড়ের পূর্বে বর্তমানে ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী প্রেরণ করতে হবে।

৪। নির্ধারিত কার্যক্রম ব্যতীত অন্য কোন কাজে এ অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের প্রশাসক/ প্রধান নির্বাহী কর্মকর্তা মঞ্জুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।



আ. ন. ম. ফয়জুল হক
উপসচিব

ফোন: ৯৫৭৩৬২৫


ই-মেইল: lgcc1@lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০১.১৮-৯৮৪/১(১৫)

তারিখ: ০৬ আশ্বিন ১৪২৭
২১ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃ. আ. সিনিয়র সহকারী সচিব (বাজেট-১১ শাখা)।
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
৬. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রশাসক এর একান্ত সচিব, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম।
৮. প্রধান হিসাব হিসাব রক্ষণ কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম।
৯. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ-জিওটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল।



আ. ন. ম. ফয়জুল হক
উপসচিব